দামুড়হুদা উজিরপুর যুবসমাজের আয়োজনে বিজয় দিবস পালন

দামুড়হুদা উজিরপুর মহান বিজয় দিবস উপলক্ষে যুবসমাজের আয়োজনে দিন ব্যাপী খেলাধুলা, পুরস্কার বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ৯ টার সময় উজিরপুর আচমকা স্টেডিয়াম মাঠে প্রথমে সকল শহীদের আত্মার মাগফেরাত কামনায় পুষ্পস্তবক অর্পণ করা হয়।

দামুড়হুদা সদর ইউনিয়নের ১নং ওয়ার্ড বিএনপির সভাপতি জামাল মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক একরামুল হক। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আজ ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান স্বাধীনতার ঘোষক। স্বাধীনতা ঘোষণার পর দীর্ঘ ৯ মাসের রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে বাংলাদেশ লাল সবুজের পতাকা অর্জন করে। পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ তার স্থান করে নেই। আজ আমরা বাংলাদেশের স্বাধীন দেশের স্বাধীন নাগরিক। সকল শহীদদের জানায় বিনম্র শ্রদ্ধা।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক ফয়জুল ইসলাম,উপজেলা বিএনপির সদস্য মো: মজিবার রহমান, সদর ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক গোলাম কবির, সদর ১ নং ওয়ার্ড বিএনপির সিনিয়র সহ-সভাপতি ফরজ আলী, সাধারণ সম্পাদক বদর উদ্দিন মাল, সদস্য রবিউল ইসলাম রবি, দামুড়হুদা সদর ১ নং ওয়ার্ড ইউপি সদস্য লিয়াকত আলী জোয়ার্দার।বিএনপি নেতা মো: হাইদার আলী, সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার মো: আব্দুল আলিম, বিএনপি নেতা আছের আলী, সাবেক থানা বিএনপির সদস্য আমির হোসেন, ওয়ার্ড বিএনপির নেতা সিরাজুল ইসলাম, বাবলু বিশ্বাস।

দামুড়হুদা উপজেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহবায়ক ইনজামামুল হক এর সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন, সদর ইউনিয়ন জামায়াতে ইসলামীর সাবেক সেক্রেটারি আজিজুল হক, বিশিষ্ট ব্যক্তিত্ব রোকনুজ্জামান, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক মো: জাহিদুল ইসলাম, যুগ্ম আহবায়ক জাহিদুর রহমান, যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা, উপজেলা যুবদল নেতা হেলাল উদ্দিন, শরিফুল ইসলাম, মো: রাকিবুল ইসলাম, উপজেলা ছাত্র দলের যুগ্ম আহবায়ক আব্দুর রহিম। উপজেলা

ছাত্র দলের সদস্য মাহমুদউল্লাহ ফিরোজ, শরিফ উদ্দিন।

অনুষ্ঠানে মোট ২০ টি ইভেন্টে প্রায় ২০০ জন প্রতিযোগি অংশ গ্রহণ করে। শেষে বিজয়ী প্রতিযোগিদের মাঝে প্রধান অতিথি ও আমন্ত্রিত অতিথিদের হাত দিয়ে পুরস্কার বিতরণ করা হয়।